গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

নং- ১(১৯)/২০১১-প্রশাঃ/৪৪৫ তারিখঃ ২০/০৮/২০১৫খ্রিঃ

বিষয়ঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ।

সূত্র নংঃ ৪৩.০০.০০০০.১১১.১৬.০২৮.১৫/৪১৮, তারিখঃ ১৮/০৮/১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্তির জন্য কপিরাইট অফিসের তথ্যাদি ছক মোতাবেক ছবিসহ (হার্ড কপি ও সফ্‌ট কপি মেইলে) সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এই সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

( মোঃ নবীরুল ইসলাম )
রেজিস্ট্রার অব কপিরাইট (উপসচিব)
ফোনঃ ৯১১৯৬৩২

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কপিরাইট অফিস**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, ঢাকা।

## বিষয় ঃ কপিরাইট অফিসের সংক্ষিপ্ত পরিচিতি।

কপিরাইট অফিস একটি আধা-বিচার বিভাগীয় প্রতিষ্ঠান। এ অফিসের কার্যাবলী কপিরাইট আইন-২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর বিধানমতে পরিচালিত হয়। কপিরাইট হচ্ছে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত সৃজনশীল ব্যক্তিবর্গের সৃষ্টকর্মের উপর তাঁদের অধিকার। কপিরাইট আইন বাস্তবায়নের মাধ্যমে নির্মাতা/রচয়িতাদের সৃজনশীল কর্মসমূহের স্বত্বের সুরক্ষা প্রদান করা হয়। সৃজনশীল ব্যক্তিবর্গের মেধাশক্তির সার্বিক উন্নয়ন, সৃজনশীল কর্মে তাদের উৎসাহ বৃদ্ধিকরণ এবং কপিরাইট সংক্রান্ত পাইরেসি রোধকরণের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন সাধনই কপিরাইট আইনের লক্ষ্য ও উদ্দেশ্য। কোন দেশ বা জাতির সাংস্কৃতিক কর্মকান্ড-যেমন, সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, রেকর্ডকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র বিষয়ককর্ম, বেতার ও টেলিভিশন সম্প্রচার, কম্পিউটার-সফটওয়্যার ইত্যাদি সৃজনশীল কর্মের উন্নয়ন ও সংরক্ষণের বিষয়ে কপিরাইট আইন গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে।

### কপিরাইট অফিসের প্রধান প্রধান কার্যাবলী ঃ

ক) কপিরাইট সংক্রান্ত কর্মের রেজিস্ট্রেশন ও সনদপত্র প্রদান।
খ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে উদ্ভুত বিরোধসমূহ নিস্পত্তিকরণ।
গ) বিদেশী ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ/পুনঃ প্রকাশের লাইসেন্স প্রদান।
ঘ) সম্প্রচার সংক্রান্ত বিদেশী কর্মের বাংলায় অনুবাদ করার লাইসেন্স প্রদান।
ঙ) কপিরাইট রেজিস্ট্রিকৃত কর্মের অবৈধ কপি আমদানি বন্ধকরণ।
চ) সাহিত্যকর্ম/নাট্যকর্মের অনুবাদ, প্রকাশ কিংবা পুনরুৎপাদন এর লাইসেন্স প্রদান।
ছ) কপিরাইট সমিতি/Collective Management Organaization (CMO) নিবন্ধন।
জ) কপিরাইট সংক্রান্ত রেজিস্ট্রিকৃত কর্মের নমুনা সংরক্ষণ ।
ঝ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে সরকারকে সময়ে সময়ে পরামর্শ প্রদান।

২। ২০১৪-১৫ অর্থ বছরের সম্পাদিত ও গৃহীত কার্যাবলি ঃ

| ক্রম | গৃহীত প্রদক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ০১ | হেল্পডেস্ক এবং হেল্পলাইন স্থাপন | রেজিস্ট্রেশনের আবেদন সঠিকভাবে পূরণ না হওয়ায় নানান তথ্যের প্রয়োজনে রেজিস্ট্রেশন কার্যক্রম প্রলম্বিত হয়। অহেতুক বিলম্ব রোধ করে ৩০ দিনের পরবর্তী ১৫ দিনের মধ্যে সনদ প্রদানের লক্ষ্য স্থির করে বিগত ৩০/১০/২০১৪ তারিখ হতে হেল্পডেস্ক ও হেল্পলাইন চালু করা হয়েছে। |
| ০২ | ফেসবুক ফ্যানপেইজ উন্মুক্তকরণ | সৃজনশীল মেধাসম্পদের যে কোন প্রণেতা ও এ সংশ্লেষে আগ্রহী যে কোন ব্যক্তি ফেসবুক ফ্যানপেইজের মাধ্যমে রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন প্রশ্ন করে উত্তর জেনে নিতে পারেন। |
| ০৩ | ওয়েবসাইট হালনাগদকরণ | ডিসেম্বর ২০১৪ মাসে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে প্রশিক্ষণ গ্রহণ করে কপিরাইট অফিসের ওয়েবসাইটকে সম্পূর্ণ নতুন আঙ্গিকে হালনাগাদকরণের কাজ হাতে নেওয়া হয়। |
| ০৪ | অভ্যর্থনা ব্যবস্থা চালুকরণ | এ অফিসে ইতোপূর্বে অভ্যর্থনা ব্যবস্থা ছিল না। ডিসেম্বর ২০১৪ মাস থেকে ভবনের মূল ফটকে অভ্যর্থনা ব্যবস্থা চালু করা হয়েছে। |
| ০৫ | রেজিস্ট্রেশন প্রক্রিয়া সময় সংক্ষিপ্তকরণ | সৃজনশীল মেধাসম্পদের রেজিস্ট্রেশনে পূর্বে তুলনামূলকভাবে অধিকসময় প্রয়োজন হতো। সময় সংক্ষিপ্তকরণের জন্য মামলা নিস্পত্তির প্রক্রিয়া সহজ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ০৬ | কর্মভিত্তিক প্রচারপত্র তৈরীকরণ | কপিরাইট অফিস ১১টি সৃজনশীল মেধাসম্পদের রেজিস্ট্রেশন প্রদান করে থাকে। প্রত্যেক কর্ম রেজিস্ট্রেশনের জন্য কিছু সাধারণ ও কিছু বিশেষ তথ্যের প্রয়োজন হয়। এক্ষেত্রে সেবাগ্রহীতাগণ প্রায়শ:ই তথ্য পরিবেশনে ভুল করে থাকে। এই অসুবিধা দূর করার জন্য এবং সর্বসাধারণের সচেতনতা সৃজনের জন্য প্রত্যেকটি সৃজনশীল কর্মভিত্তিক পৃথক রঙিন কাগজে প্রচারপত্র প্রণয়ন করা হয়েছে। |
| ০৭ | প্রচার কার্যক্রম জোরদারকরণ | কপিরাইট রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা, পদ্ধতি, আইনগত প্রতিকার, পাইরেসি বন্ধকরণ সংক্রান্ত সচেতনতা প্রভৃতি বিষয়ে ব্যাপক প্রচার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। |
| ০৮ | লাইব্রেরী সুসংগঠিতকরণ | কপিরাইট অফিসে একটি সুসংগঠিত লাইব্রেরী স্থাপনের জন্য জাতীয় গ্রন্থাগারের নিকট থেকে একটি কক্ষ বরাদ্দ নেয়া হয়েছে। |
| ০৯ | কনফারেন্স রুম স্থাপণ | কপিরাইট বোর্ড এর সভা এবং এ অফিসের কার্যক্রম সমন্বয়ের জন্য সভা করার কোন স্থান ছিল না। সম্প্রতি জাতীয় গ্রন্থাগারের নিকট থেকে প্রাপ্ত কক্ষে অর্ধাংশে একটি সভাস্থল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

**৩। ২০১৫-১৬ অর্থবছরের কর্মপরিকল্পনা ঃ**

| ক্রমিক নং | বিবরণ | ২০১৫-১৬ অর্থ বছর |
|---|---|---|
| ১ | **কপিরাইট আইন সংশোধন ঃ** কপিরাইট আইনকে আরোও যুগোপযুগি করার লক্ষ্যে আইন সংশোধনের কার্যক্রম চলমান। | √ |
| ২ | **কপিরাইট আইন, রেজিস্ট্রেশন ও পাইরেসি সংক্রান্ত স্টেক হোল্ডারদের মাঝে প্রচার জোরদারকরণ ঃ** প্রত্যেক জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা বার, প্রেসক্লাব, পুস্তক ও প্রকাশক সমিতি এবং সংশ্লিষ্ট জেলার সৃজনশীল ব্যক্তিদের সমন্বয়ে সভা করে সচেতনতা বৃদ্ধি করা হবে। | √ |
| ৩ | **কপিরাইট সমিতি গঠন ও মনিটরিং ঃ** সৃজনশীল প্রত্যেকটি সেক্টরে কপিরাইট সমিতি গঠন কার্যক্রম চলমান। | √ |
| ৪ | **কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ঃ** কপিরাইট অফিসের বেশিরভাগ কর্মকর্তা/কর্মচারী নতুন। তাদের কোন দাপ্তরিক প্রশিক্ষণ প্রদান করা হয়নি। তাদের প্রশাসন, রেজিস্ট্রেশন ও আইটি এই তিনটি বিষয়ে ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হবে। | √ |
| ৫ | **কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধি সংশোধন ঃ** কপিরাইট অফিসের নিয়োগ বিধিমালা সংশোধন প্রক্রিয়া চলমান। বিগত ২১/০৬/২০১৫ তারিখ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | √ |
| ৬ | **১৭ টি শুন্য পদ পূরণ ঃ** নিয়োগ বিধিমালা সংশোধন প্রক্রিয়া চলমান। নিয়োগ বিধি সংশোধন হলে ১৭টি শূন্য পদ পূরণ করার পদক্ষেপ নেয়া হবে। | √ |
| ৭ | **কপিরাইট অফিস অটোমেশন ঃ** বিসিসি এর একটি প্রকল্পের আওতায় এ অফিসে একটি সার্ভার বসানো হচ্ছে। প্রয়োজনীয় কম্পিউটার, কম্পিউটার সফটওয়্যার এবং অন্যান্য সরঞ্জামাদি ক্রয়ের জন্য প্রকল্প প্রণয়ন করা হচেছ। | √ |
| ৮ | **বিভিন্ন মেলা এবং স্টলে অংশগ্রহণ ঃ** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন যেকোন প্রতিষ্ঠান ও সম্পর্কিত অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন মেলায় অংশগ্রহণ করে কপিরাইট নিবন্ধন ও পাইরেসি বন্ধকরণ সংশ্লেষে সচেতনতামূলক প্রচার করা হচ্ছে। | √ |

২০/৮/২০১৫

(মোঃ নবীরুল ইসলাম)
রেজিস্ট্রার অব কপিরাইট (উপসচিব)